

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১০.৪৬.০৩২.২৩. ১১৩(১৫০)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

“দরপত্র বিজ্ঞপ্তি”

বগুড়া জেলার ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত গ্রামপুলিশের (দফাদার ও মহল্লাদার) ২০২২-২০২৩ অর্থবছরে নিম্নবর্ণিত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত শর্তসাপেক্ষে পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন ঠিকাদার/ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে সীলগালায়ুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ	জেলা প্রশাসক, বগুড়া
কাজের নাম	গ্রামপুলিশের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ
ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র (ওটিএম)
অর্থের উৎস	মঞ্জুরী সহায়তা (জিওবি)
দরপত্রের সূত্র	স্থানীয় সরকার বিভাগের ০৭ নভেম্বর ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৭০৫ নম্বর পত্র
দরপত্রের মূল্য	২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)
দরপত্রের জামানত	উদ্ধৃত মূল্যের ৩% অর্থ বিডি/ডিডি/পে-অর্ডার জেলা প্রশাসক, বগুড়ার নামে (ফেরতযোগ্য)
দরপত্র বিক্রয়ের স্থান	ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, রাজশাহী খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বগুড়া (গ) পুলিশ সুপারের কার্যালয়, বগুড়া ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), বগুড়া
দরপত্র গ্রহণের স্থান	ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, রাজশাহী খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বগুড়া (গ) পুলিশ সুপারের কার্যালয়, বগুড়া
দরপত্র খোলার স্থান	জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বগুড়া
কাজের মেয়াদ	কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন

ক্র:	পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ	জনপ্রতি	মোট সংখ্যা	মন্তব্য
০১	পুরুষ গ্রামপুলিশের খাকী রংয়ের ফুল প্যান্ট	২টি	১৯১৪	সকল
০২	পুরুষ গ্রামপুলিশের নীল রংয়ের শার্ট (ফুল-১টি ও হাফ-১টি)	২টি	১৯১৪	আইটেম
০৩	মহিলা গ্রামপুলিশের গাঢ় নীল রংয়ের শাড়ী	২টি	১৭৮	অফিসে
০৪	মহিলা গ্রামপুলিশের নীল রংয়ের পেটিকোট	২টি	১৭৮	রক্ষিত নমুনা
০৫	মহিলা গ্রামপুলিশের গাঢ় নীল রংয়ের ব্লাউজ (ফুল-১টি ও হাফ-১টি)	২টি	১৭৮	অনুযায়ী।
০৬	পুরুষ গ্রামপুলিশের উন্নতমানের কাপড়ের জুতা ও মোজা	১ জোড়া	৯৫৭	কর্তৃপক্ষ
০৭	মহিলা গ্রামপুলিশের উন্নতমানের কাপড়ের জুতা ও মোজা	১ জোড়া	৮৯	সরবরাহের
০৮	সকল গ্রামপুলিশের শীতের উন্নতমানের নীল রংয়ের জ্যাকেট	১ টি	১০৪৬	সময়
০৯	সকল গ্রামপুলিশের খাতাপত্র, জামাকাপড় বহনের জন্য উন্নতমানের সাইড ব্যাগ	১ টি	১০৪৬	আইটেমের
১০	সকল গ্রামপুলিশের উন্নতমানের রাবারের গামবুট	১ জোড়া	১০৪৬	সংখ্যা
১১	সকল গ্রামপুলিশের উন্নতমানের নেমপ্লেট (ক্রিপ জাতীয়)	১ টি	১০৪৬	বাড়াতে/
১২	মহল্লাদারের পারপেল রংয়ের সোল্ডার ব্যাচে আকাশি রংয়ের রিবন ও সাদা রংয়ের গ্রামপুলিশ লেখা (প্রত্যেক শার্ট/ব্লাউজের জন্য ১ জোড়া করে)	২ জোড়া	১৮৯৬	কমাতে
১৩	দফাদারের পারপেল রংয়ের সোল্ডার ব্যাচে আকাশি রংয়ের রিবন, সাদা রংয়ের গ্রামপুলিশ লেখা ও খাকি রংয়ের স্টার (প্রত্যেক শার্টের জন্য ১ জোড়া করে)	২ জোড়া	১৯৬	পারবে।
১৪	পুরুষ গ্রামপুলিশের উন্নতমানের মনোগ্রামযুক্ত বাই-সাইকেল		৫৪	
১৫	মহিলা গ্রামপুলিশের উন্নতমানের মনোগ্রামযুক্ত বাই-সাইকেল		০৭	

পুরুষ গ্রামপুলিশের বাই-সাইকেল Frame Size- 28"×21" Lug Joint Fork- Steel Traditional Types Brake Set- STL-28"-CP Rim Brake Handle Bar- Traditional Type with High grade PVC Grip Rim- Steel 32/40 Holes CP Mudguard- Steel Carrier- steel Carrier with Basket and Tool Box	মহিলা গ্রামপুলিশের বাই-সাইকেল Frame Size- 26"×17" Tig Welded Fork- Steel Rigid Fork Brake Set- V Brake Handle Bar- Steel Raise 30mm, 22.2" 600 Barbore- 25.4mm Rim- Alloy Double Wall 36 holes Mudguard- Steel MTB Mudguard Carrier- steel MTB Carrier with Basket and Tool Box
---	--

ক্যালেন্ডারঃ

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়		দরপত্র খোলার তারিখ ও সময়		মূল্যায়নের তারিখ
		তারিখ	সময়	তারিখ	সময়	
১ম	২৭ মার্চ ২০২৩	২৮ মার্চ ২০২৩	সকাল ০৯:০০ হতে দুপুর ১২:০০	২৮ মার্চ ২০২৩	বিকেল ০৪:৩০টা	২৯ মার্চ ২৩
২য়	১১ এপ্রিল ২০২৩	১২ এপ্রিল ২০২৩	„	১২ এপ্রিল ২০২৩	বিকেল ০৪:৩০টা	১৩ এপ্রিল ২৩
৩য়	২৫ এপ্রিল ২০২৩	২৬ এপ্রিল ২০২৩	„	২৬ এপ্রিল ২০২৩	বিকেল ০৪:৩০টা	২৭ এপ্রিল ২৩

প্রথমবার কাজিক্ত দর পাওয়া না গেলে দ্বিতীয়বার দরপত্র গ্রহণ করা হবে। চূড়ান্ত দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত অনুরূপভাবে পর্যায়ক্রমে দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

বিশেষ দৃষ্টব্যঃ বিস্তারিত শর্ত ও তথ্যাবলি দরপত্রের সাথে এবং অত্র কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

শর্তাবলিঃ

- ০১। দরপত্র অবশ্যই সীলগালাযুক্ত খামে দাখিল করতে হবে। খামের উপর দরদাতার নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে এবং খামের উপর “গ্রামপুলিশের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের দরপত্র” উল্লেখ করতে হবে।
- ০২। দরপত্রের সাথে দরপত্র নিরাপত্তা জামানত হিসেবে উক্ত মূল্যের ৩% অর্থ বিডি/ডিডি/পে-অর্ডার মূলে জেলা প্রশাসক, বগুড়ার অনুকূলে সংযুক্ত করতে হবে।
- ০৩। দরপত্রের সাথে দরদাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ অনলাইন আয়কর প্রত্যয়ন, ভ্যাট রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি, দরপত্র দাখিলের তারিখের পূর্ববর্তী ০৭ (সাত) দিনের মধ্যে কমপক্ষে ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকার ব্যাংক স্থিতির প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।
- ০৪। দরপত্রের সাথে দরদাতার পূর্ববর্তী ০৩ (তিন) বছরের যে কোন ০১ (এক) বছরের গ্রামপুলিশের ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকার পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি (সাইকেলসহ অন্যান্য সরঞ্জামাদি) যথাযথভাবে সরবরাহ করেছেন এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে গৃহীত মূল সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ০৫। দরপত্রের সাথে প্রতিটি আইটেমের নমুনা (প্রস্তুতকৃত পোশাক ও সরঞ্জামাদি) সংযুক্ত করতে হবে।
- ০৬। দরপত্র মূল্যায়ন/অনুমোদনের ক্ষেত্রে শুধুমাত্র সর্বনিম্ন দরকেই প্রাধান্য দেওয়া হবে না বরং এ কার্যালয়ে সংরক্ষিত নমুনার সাথে দরদাতার নমুনার মিল ও গুণগতমান এবং এ সংক্রান্ত সকল বিধিবিধান বিবেচনায় আনা হবে।
- ০৭। দরপত্রে প্রতিটি আইটেমের পৃথক একক মূল্য ও মোট মূল্য লিখতে হবে এবং দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/লেখার উপর লেখা গ্রহণযোগ্য হবে না। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে দরপত্রের নির্ধারিত স্থানে অবশ্যই সিল, স্বাক্ষর ও তারিখ উল্লেখ করতে হবে।
- ০৮। দরপত্র ফরমের সময় এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় সংরক্ষিত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির নমুনা দেখা যাবে।
- ০৯। দরপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজ/ব্যাংক ড্রাফট/ডিডি/পে-অর্ডার জাল প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত হবে।
- ১০। অনুমোদনকৃত দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত সময়ের মধ্যে নমুনা ও মাপ অনুযায়ী সঠিকভাবে মালামাল সরবরাহের অঙ্গীকারনামা জমা দিতে হবে।
- ১১। অনুমোদিত দরদাতাকে নিজ উদ্যোগে/খরচে গ্রামপুলিশের পোশাকের মাপ সরজমিনে সংগ্রহ করতে হবে এবং মাপ অনুযায়ী পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। অনুমোদিত নমুনার সাথে পরবর্তীতে সরবরাহকৃত মালামালের গড়মিল পরিলক্ষিত হলে সরবরাহকৃত মালামাল গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। ফেরতযোগ্য মালামাল নিজ খরচে দরদাতাকে সংগ্রহ করতে হবে।
- ১২। নির্বাচিত দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে এ কার্যালয়ে সংরক্ষিত নমুনা অনুযায়ী মালামাল নিজ উদ্যোগে/খরচে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। মালামাল গ্রহণ কমিটি কর্তৃক নমুনা অনুসারে পরীক্ষাণ্ডে মালামাল গৃহীত হলে তা দরদাতার নিজ খরচে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌছাতে হবে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে নির্ধারিত দিনে দরদাতার উপস্থিতিতে গ্রামপুলিশের মাঝে মালামাল বিতরণ করতে হবে। সে অনুযায়ী মালামাল সঠিকভাবে সরবরাহের প্রত্যয়ন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। উক্ত প্রত্যয়নপত্র ব্যতীত বিল পরিশোধ করা হবে না।
- ১৩। মালামাল সরবরাহের তারিখ হতে ০৩ (তিন) মাসের মধ্যে বাই-সাইকেলের চাকার অতিরিক্ত একসেট টায়ার ও টিউব দরদাতা কর্তৃক নিজ খরচে সরবরাহসহ সার্ভিসিং করে দিতে হবে।
- ১৪। কার্যাদেশ পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি যথাযথভাবে সরবরাহ করতে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করে কার্যাদেশ বাতিল করা হবে এবং পুনঃদরপত্র আহ্বান করা হবে।
- ১৫। অনুমোদিত দরদাতার বিল পরিশোধের সময় মোট বিল হতে ১০% অর্থ কর্তন করে ০৩ (তিন) মাসের জন্য জমা রাখা হবে।
- ১৬। সরবরাহকৃত মালামাল সম্পর্কে কোন আপত্তি পাওয়া গেলে সংশ্লিষ্ট ঠিকাদার তা পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। মালামাল সম্পর্কে কোন অভিযোগ পাওয়া না গেলে উক্ত জামানত ফেরতের বিষয়ে বিবেচনা করা হবে।
- ১৭। এ সরবরাহ কাজে কোন অগ্রিম বা চলতি বিল প্রদান করা হবে না।
- ১৮। আয়কর ও ভ্যাটসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য পাওনাদি বিধি মোতাবেক ঠিকাদারের চূড়ান্ত বিল হতে কর্তন করে রাখা হবে।
- ১৯। অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ২০। দরদাতাকে অবশ্যই দরপত্রে উল্লিখিত শর্তসমূহসহ সরকারের বিভিন্ন সময়ে আরোপিত শর্তাবলি মেনে চলতে হবে।
- ২১। সম্পূর্ণ ক্রয় প্রক্রিয়া পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুযায়ী সম্পন্ন করা হবে।
- ২২। দাখিলকৃত যে কোন দরপত্র গ্রহণ/বাতিল/বিজ্ঞপ্তিতে উল্লিখিত মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করার ও দরপত্রের শর্তাবলি পরিবর্তন/পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ/জেলা টেন্ডার কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সাইফুল ইসলাম)

জেলা প্রশাসক

বগুড়া

টেলিফোন: ০২৫৮৯৯০০০২০ (অফিস)
ই-মেইল: dcbogura@mopa.gov.bd